# বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে শহীদ মুগ্ধর পরিবারের সাক্ষাৎ



ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানে শহীদ মীর মাহফুজুর রহমান মুগ্ধর পরিবারের সদস্যরা রাষ্ট্রপতি মির্জা ফখরুল ইসলাম আলমগীরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন। রোববার (২০ সেপ্টেম্বর) বঙ্গভবনে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

এ সময় মুগ্ধর বাবা মীর মোস্তাফিজুর রহমান, ভাই মীর মাহবুবুর রহমান স্নিগ্ধ এবং পরিবারের সদস্য মাহফুজা জাফরিন আরিবা উপস্থিত ছিলেন।

সাক্ষাতে রাষ্ট্রপতি বলেন, দেশকে ফ্যাসিবাদমুক্ত করার আন্দোলনে যারা প্রাণ দিয়েছেন কিংবা আহত হয়েছেন, তাদের ত্যাগ জাতি কখনো ভুলবে না। শহীদ পরিবারের কল্যাণ এবং আহতদের চিকিৎসা ও পুনর্বাসনে রাষ্ট্রের পক্ষ থেকে সর্বোচ্চ সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দেন তিনি।

সাক্ষাৎকালে পরিবারের সদস্যরা জুলাই গণঅভ্যুত্থানে শহীদ ও আহতদের জন্য সরকারের নেওয়া বিভিন্ন উদ্যোগের বিষয়ে রাষ্ট্রপতিকে জানান। বিশেষ করে চিকিৎসা, পুনর্বাসন ও শহীদ পরিবারের কল্যাণে নেওয়া কার্যক্রমগুলো যথাযথভাবে বাস্তবায়নের অনুরোধ জানান তারা।

এ সময় পরিবারের পক্ষ থেকে গেজেট প্রজ্ঞাপনে প্রকাশিত ৮৪৫ জন জুলাই শহীদের নাম সংবলিত জুলাই শহীদ স্মৃতিস্তম্ভের একটি রেপ্লিকা রাষ্ট্রপতিকে উপহার দেওয়া হয়।

LENS ASIA